CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGDSE–502T/371**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSE–502T

**( দেশভাগ ও বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। দেশভাগের ফলে ভারত কয়টি রাষ্ট্রে বিভাজিত হয়?

২। সুরমা-বরাক উপত্যকা কবে আসামের সঙ্গে প্রথম যুক্ত হয়েছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। পূর্ব পাকিস্তান কত সালে স্বাধীন রাষ্ট্রে পরিণত হয়?

৪। ‘দেশভাগ দেশত্যাগ’ গ্রন্থটি কার লেখা?

৫। দ্বিজাতিতত্ত্বের মূল কথাটি এক বাক্যে লেখো।

৬। ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসটি কয়টি খণ্ডে লিখিত?

৭। ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসের প্রথম অনুচ্ছেদে কার জন্মের সংবাদ রয়েছে?

৮। জোটন বিবি সম্পর্কে আবেদালির কী হয়?

৯। সামসুদ্দিন গাছের ডালে কোন্ দলের ইস্তাহার বাঁধে?

১০। “মা গো, সারাজীবন আমি চাঁদ সদাগরের পার্ট করছি, তুই বেহুলার।” কথাটি কে, কাকে বলেছে?

১১। যে বাল্যবন্ধুর সাহায্য নিয়ে ‘বিন্দু বিন্দু জল’ উপন্যাসের নলিনী ডাক্তার ইন্ডিয়ায় চলে এসেছিলেন তার নাম কী?

১২। শেখর দাসের প্রথম রচনা কোথায় প্রকাশিত হয়?

১৩। ‘বিন্দু বিন্দু জল’ উপন্যাসের পারুল কীভাবে মারা যায়?





১৪। বরুণের স্ত্রীর নাম কী?

১৫। দাঙ্গা আর অগ্নিকাণ্ড থেকে বাঁচতে কে ভুল করে ছেলের বদলে পাশবালিশ বুকে নিয়ে ঘর ছেড়েছে?

১৬। ‘ভুবন ডাক্তার’ গল্পের মাসিমার চাকরের নাম কী?

১৭। কত বছর বয়সে ভুবনমোহন মেডিক্যাল কলেজ থেকে ডাক্তার হয়ে বেরোন?

১৮। “আর কতটা পথ, বাবা?” কার কণ্ঠে এই প্রশ্ন দিয়ে ‘পথের কাঁটা’ গল্পের সূচনা হয়?

১৯। “আমার রক্ত যদি তর গায়ে থাকে তবে উয়ারে মার এহনই।” কথাটি কে, কাকে বলেছে?

২০। ‘রক্তমণির হারে’ গল্পসংকলনের ভূমিকাটি কার লেখা?

২১। ‘নতুন ইহুদি’ নাটকের মুখুজ্যেরা তাদের বাড়ি কার কাছে বিক্রি করে কলকাতায় পাড়ি দিয়েছিল?

২২। ‘নতুন ইহুদি’ নাটকের মীর্জা চরিত্রের পেশা কী?

২৩। ‘নতুন ইহুদি’ নাটকে দেশভাগের অব্যবহিত পরবর্তীতে কলকাতায় এক কাঠা জমির দাম কত বলে জানা যায়?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৪। মনমোহন ভট্টাচার্যের মধ্যম পুত্রের নাম কী?

২৫। "অখন থো ত,—আর গরুরে সোহাগ করতে লাগব না।" গরুটির নাম কী?

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

২৬। সিরিল রেডক্লিফ কে? তিনি কবে ভারতে এসেছিলেন?

২৭। পাঠ্যতালিকার বাইরে দেশভাগ-কেন্দ্রিক দুটি বাংলা উপন্যাসের নাম লেখো।

২৮। "তর নাকি আবার বিয়া বসনের শখ হইছে।" কথাটি কে, কাকে উদ্দেশ্য করে বলেছে?

২৯। মুড়াপাড়ার হাতির মাহুতের নাম কী? তার হাতি নিয়ে যে 'পাগল ঠাকুর' হারিয়ে গেছেন তাঁর নাম কী?

৩০। বসুমতী কেন উন্মাদ হয়ে গেছে, লেখো।

৩১। দেশত্যাগের সময় বালিকা পারুল কেন তার রঙিন চুড়ি ভেঙে রাস্তায় ফেলে যাচ্ছিল, লেখো।

৩২। ভুবন ডাক্তারের বাবার নাম কী? তিনি পেশায় কী ছিলেন?





৩৩। "ও হো হো, আপনার মতো সৎ সজ্জন মানুষের ছেলে বোম্বেটে হয়ে গেল ....''—কথাটি কে, কাকে বলেছে?

৩৪। 'নতুন ইহুদি' নাটকটি প্রথম কবে প্রকাশিত হয়? এই নাটক প্রথম কবে অভিনীত হয়েছিল?

৩৫। 'নতুন ইহুদি' নাটকের শুরুতে কোন্ গানটি সমবেত কণ্ঠে গীত হয়? এই নাটকের প্রথম সংলাপটি কার কণ্ঠে উচ্চারিত হয়?

## SECTION—C

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। বাঙালি জীবনে দেশভাগের অভিঘাত বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৩৭। দেশভাগ-কেন্দ্রিক বাংলা গল্প সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ প্রস্তুত করো।

৩৮। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' এই রূপক নামের অন্তরালে দেশভাগের যে মর্মান্তিক যন্ত্রণার দৃশ্য লেখক অঙ্কন করেছেন সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৩৯। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের নায়ক চরিত্রের বড়ো হয়ে ওঠার বিবরণ দাও।

৪০। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের সুরবালা চরিত্রটি আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪১। ''দেশভাগের পরিণামই 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের আধেয়।'' মন্তব্যটি পর্যালোচনা করো।

৪২। 'কাগাবগা গীতিকা' গল্পের শৈলী সম্পর্কে তোমার অনুভব বুঝিয়ে লেখো।

৪৩। 'ভুবন ডাক্তার' গল্পের ভুবন আত্মগ্লানি থেকে কীভাবে মুক্তি পেল, আলোচনা করো।

৪৪। '' 'নতুন ইহুদি' নাটকের পণ্ডিতমশাই ও কেষ্ট চরিত্র দুটির মধ্য দিয়ে দেশভাগোত্তর উদ্বাস্তু জীবনের নিদারুণ অভিজ্ঞতা ধরা পড়েছে।'' আলোচনা করো।

৪৫। 'নতুন ইহুদি' নাটকে সংলাপের বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

★★★